

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম



২০২০-২০২১ অর্থবছরের বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন/পরিবীক্ষণ সংক্রান্ত ৩য়
সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আলী আকবর পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি (ইনোভেশন টিম)
সভার তারিখ	৭ ফেব্রুয়ারি, ২০২১
সভার সময়	অপরাহ্ন ২:০০
স্থান	শহীদ মোখলেছুর রহমান মিলনায়তন
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন টিমের বিগত কমিটির সদস্য সচিব ও বর্তমান কমিটির ফোকাল পয়েন্ট জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী গত ৪ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন/পরিবীক্ষণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, ডিজিটাল সেবাটি ১৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন করা হলে অসাধারণ লক্ষ্যমাত্রা ও শতভাগ নম্বর অর্জিত হবে। ২০২০-২০২১ অর্থবছরের ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়নাধীন ‘বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি’র লাইব্রেরির প্রকাশিত তথ্য সেবা সহজিকরণ’ শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের আইডিয়া প্রদানকারী টিম লিডার জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) উদ্ভাবনী উদ্যোগটির বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নবগঠিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দের অবগতির জন্য উপস্থাপনা করেন। তিনি জিএসবি’র লাইব্রেরির প্রকাশিত তথ্য বিপন্ন মূল্য নির্ধারণের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি জানান যে, তিনি প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার দায়িত্বকালীন বিজি প্রেসে একাধিকবার যোগাযোগ করেছিলেন যদিও বাস্তবে কোন অগ্রগতি হয় নাই। তিনি উদ্ভাবনী উদ্যোগের আইডিয়া প্রদানকারী দলকে উদ্যোগী ভূমিকা পালন করার জন্য তার অভিমত প্রকাশ করেন। এছাড়া, অত্র অধিদপ্তরের কর্মকর্তাগণের সুবিধার্থে ওয়েবসাইটে অভ্যন্তরীণ চাহিদা ফরম দেয়ার যৌক্তিকতা তুলে ধরেন। তিনি প্রকাশিত প্রতিবেদনের হার্ড কপি এবং সফট কপি দুইটি অপশনই বাস্তবায়িত অনলাইন ফরমে উল্লেখ রেখে সংশ্লিষ্ট চাহিদা প্রদানকারীকে সরবরাহ করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। জনাব লুবনা ইয়াসমিন খন্দকার, উপপরিচালক (ভূপদার্থ), তথ্য সেবা দেয়ার ক্ষেত্রে গ্রাহকদের অত্র অধিদপ্তরের শর্ত যথাযথভাবে জানিয়ে দেয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। জনাব মো: রিয়াজুল ইসলাম, উপপরিচালক (রসায়ন) মূল্য নির্ধারণের বিষয়ে একমত পোষণ করেন। এ বিষয়ে তিনি এলজিইডি’র উদাহরণ পেশ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়: ২০২০-২০২১ অর্থবছরের ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়নাধীন ‘বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি’র লাইব্রেরির প্রকাশিত তথ্য সেবা সহজিকরণ’ শীর্ষক উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে মূল্য নির্ধারণের লক্ষ্যে আইডিয়া প্রদানকারী দল উদ্যোগী ভূমিকা পালন করবে এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আলী আকবর
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি (ইনোভেশন
টিম)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭

০১ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: মহি উদ্দিন

সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব
(ইনোভেশন টিম)